

ইউটিউবের প্রতিযোগিতায় চূড়ান্ত পর্বে চট্টগ্রামের ছাত্র

ইউটিউব-লেনোভো আয়োজিত স্পেস ল্যাব প্রতিযোগিতায় চূড়ান্ত পর্বে নির্বাচিত হয়েছে চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজের উচ্চমাধ্যমিক প্রথম বর্ষের ছাত্র নাসির উদ্দিন মাহমুদের একটি বৈজ্ঞানিক পরীক্ষার ভিডিও। দুই হাজার প্রতিযোগীর পাঠানো পরীক্ষা-নিরীক্ষার মধ্যে চূড়ান্ত পর্বের জন্য নির্বাচিত হয়েছে ৬০টি। বাংলাদেশের একমাত্র প্রতিযোগী নাসির। বাকিরা অন্য দেশের। তাদের এসব বৈজ্ঞানিক পরীক্ষা ইউটিউবে (www.youtube.com/spacelab) রয়েছে। এখন

ভোটের মাধ্যমে ছয়টি অঞ্চলের ছয়জন চ্যাম্পিয়ন নির্বাচন করা হবে। ১৭ জানুয়ারি থেকে ভোট কার্যক্রম শুরু হয়েছে। ভোট নেওয়া হবে ২৪ জানুয়ারি পর্যন্ত। প্রতিদিন একটি কম্পিউটার থেকে একটি করে ভোট দেওয়া যাবে। চট্টগ্রামে নাসির উদ্দিন মাহমুদ প্রথম আলগেকে গতকাল বুধবার জানান, গত বছরের ১৪ ডিসেম্বর স্পেস ল্যাবে তার পরীক্ষাটি পাঠান। এই প্রতিযোগিতায় পাঁচ বিচারকের প্রধান ছিলেন বিশ্বখ্যাত বিজ্ঞানী স্টিফেন হকিংস।

প্রতিযোগিতার বিষয় ছিল পৃথিবীতে একরকম, মহাশূন্যে অন্য রকম ফলাফল আসার সম্ভাবনা রয়েছে এমন বিষয়ে তত্ত্ব ও পরীক্ষা তুলে ধরতে হবে। নাসির তার বন্ধু শোয়াইবুল ইসলামকে তার কাজের সহযোগী



ভিডিওতে বৈজ্ঞানিক পরীক্ষা তুলে ধরেছেন নাসির (বাঁয়ে)

হিসেবে নেন।

নাসিরের পরীক্ষার বিষয় ছিল অনেকটা এরকম—একই ভরের দুটি বস্তুকে একটি ব্যাগে বিপরীত দিক থেকে পরস্পরের দিকে ঘুরিয়ে দেওয়া হলে পৃথিবীতে তারা কখনো একসঙ্গে যুক্ত হবে না। কিন্তু শূন্য অভিকর্ষে (গ্র্যাভিটি) তাদের পরস্পরের সঙ্গে আঁজীবনের মতো যুক্ত হওয়ার সম্ভাবনা থেকে যায়।

নাসির উদ্দিন মাহমুদকে ভোট দিতে যেতে হবে goo.gl/NxHCW ঠিকানার ওয়েবসাইটে। এখানে তার ভিডিওটা এলে ডান পাশে ভোট দেওয়ার বাটনে ক্লিক করলেই ভোট দেওয়া হয়ে যাবে। —নিজাম সিদ্দিকী